# রাবীন্দ্রিক কবিতায় লালন ফকিরের দার্শনিক ভাবনার অনুরণন

শুক্লা সরকার দাস

*অধ্যাপিকা, দর্শন বিভাগ, বঙ্গবাসী মর্ণিং কলেজ*

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত গান, কবিতা, নাটক- সবের মধ্যেই যে বিষয়টি আমাদের দৃষ্টি আকর্ষণ করে, তা হলো মানবতাবোধ। মানবতাবোধই হল মানুষের আত্মউপলব্ধি, যা হলো মানবজীবনের পরম লক্ষ্য।

এই জগৎসংসারে অসংখ্য মানুষ, দৈহিকভাবে তারা ভিন্ন হলেও, এক অসীম পরমসত্তা যে সকলের মধ্যে বিরাজমান একথা কবির রচনায় বার বার আসে। যে মানুষ আপনার অন্তরের মধ্যে অন্যের আত্মাকে ও অন্যের আত্মার মধ্যে আপনার আত্মাকে জানে, সেই সত্যকে জেনেছে। এই সত্যের উপলব্ধি করতে গেলে বাইরে নয়, সত্তার অভ্যন্তরে প্রবেশ করতে হবে, অন্তর্মুখী হতে হবে। তাই তিনি লিখেছেন –

"আমার হিয়ার মাঝে লুকিয়ে ছিলে দেখতে আমি পাইনি
তোমায় দেখতে আমি পাইনি।
বাহির-পানে চোখ মেলেছি, আমার হৃদয়-পানে চাইনি।"


এইখানেই বাউলদের গান ও ভাবধারার সঙ্গে বিশ্বকবির ভাবধারায় আশ্চর্য মিল আমরা খুঁজে পাই। বাউলেরা বলেন সত্যকে লাভ করতে হবে এবং সেই সত্যস্বরূপ যিনি তিনি হলেন মানুষের অন্তর্যামী।

বাংলাদেশের বাইরে রামানন্দ - প্রমুখ সাধক দলের সাধন পদ্ধতি এবং বৈষ্ণব সাধনা যে যুগে প্রচলিত ছিল, সেই সময়েই এই বাংলায় সমানতালে বহমান ছিল বাউল সম্প্রদায়ের সাধনধারা। লোক সংস্কৃতির অন্তর্গত বাউলাঙ্গের গান সমাজের নিম্নস্তরে সুপ্রচলিত ছিল, যদিও সমাজের উচ্চপর্যায়ের শিক্ষিত শ্রেণী তা সম্বন্ধে খুব একটা আগ্রহী ছিলেন না।

সেজন্য সাহিত্যে এই সাধন-সংগীতগুলির স্থান হয়নি।

Scanned with CamScanner

# WISDOM



Editor
Dr. Dipti Chakraborti

Scanned with CamScanner

*Knowing yourself is the beginning of all wisdom.*
*— Aristotle*

*By three methods we may learn wisdom: First, by reflection, which is noblest; Second, by imitation, which is easiest; and third by experience, which is the bitterest.*
*— Confucius*


**ROHINI NANDAN**
19/2, Radhanath Mallick Lane
Kolkata - 700 012, Ph.: 9231508276
Mail to rohininandanpub@gmail.com
Visit us at: www.rohininandan.com



ISBN: 978-81-19574-38-4
9 788119 574384
PRICE: ₹300/-


Scanned with CamScanner

# WISDOM

## The Journal of Philosophy

Vol.: I | Number: 1 | September, 2023

Chief Patron

**Dr. Sima Chakrabarti**

Editor

**Dr. Dipti Chakraborti**

Co-Editors & Reviewer

**Mandira Ghosh**
**Biplab Ch. Sarkar**
**Madhumita Chatterjee**
**Joyita Banerjee**

MAHARANI KASISWARI COLLEGE
**Department of Philosophy**

Scanned with CamScanner